বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আইসিটি অপারেশন বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৫৫৫৯
Web-www.krishibank.gov.bd
Email:dgmictop@krishibank.org.bd

# অকেজো কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর অকেজো ঘোষিত কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি (প্রধান কার্যালয়ের দশম তলায় রক্ষিত) নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ক্রেতাদের নিকট থেকে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের গুরুত্বপূর্ণ তথ্যাদি নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | বিজ্ঞপ্তি প্রদানকারী সংস্থার নাম | ঃ | আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ০২। | নিলাম আহবানের স্মারক ও তারিখ | ঃ | বিকেবি/প্রকা/আইসিটি(অপাঃ)/৭(১০৭)/২০২৬-২০২৭/২০৮<br>তারিখঃ ২০/০৮/২০২৬ খ্রি. |
| ০৩। | দরপত্র নং ও তারিখ | ঃ | দরপত্র নং-০১/২০২৬-২০২৭; তারিখঃ ২০/০৮/২০২৬ খ্রি. |
| ০৪। | দরপত্র সিডিউলের মূল্য | ঃ | ঢাকাস্থ বাংলাদেশ কৃষি ব্যাংকের স্থানীয় মুখ্য কার্যালয়ে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার-এর মাধ্যমে জমাপূর্বক আইসিটি অপারেশন বিভাগ হতে দরপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৫। | দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | ঃ | তারিখঃ ২০/০৮/২০২৬ খ্রি. |
| ০৬। | যার অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে | ঃ | বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ০৭। | নিলাম দরপত্র সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ০৮/০৯/২০২৬ খ্রি. বিকাল ২ঃ০০ ঘটিকা |
| ০৮। | নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ০৯/০৯/২০২৬ খ্রি. বিকাল ২ঃ০০ ঘটিকা |
| ০৯। | নিলাম দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ০৯/০৯/২০২৬ খ্রি. বিকাল ৪ঃ০০ ঘটিকা |
| ১০। | দরপত্র সিডিউল সংগ্রহের ঠিকানা | ঃ | আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। |
| ১১। | অকেজো যন্ত্রপাতি পরিদর্শনের স্থান ও সর্বশেষ তারিখ | ঃ | প্রধান কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংকের দশম তলায় স্টোর রুমে অফিস চলাকালীন সময়ে ০৮/০৯/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত দেখা যাবে। |
| ১২। | দরপ্রস্তাবের নিয়ম | ঃ | নিলামে অংশগ্রহণকারী দরদাতাগণকে সিডিউলে বর্ণিত সবগুলো আইটেমকে ০১(এক) টি লট ধরে প্রত্যেক আইটেমের ভ্যাট ও ট্যাক্সসহ দর উল্লেখ করে দরপ্রস্তাব দাখিল করতে হবে। |
| ১৩। | দরপত্র জামানত | ঃ | দরপত্রের সাথে দাখিলকৃত ভ্যাট ও ট্যাক্সসহ মোট উদ্ধৃত মূল্যের ২০% (বিশ শতাংশ) মূল্যের পে-অর্ডার 'বাংলাদেশ কৃষি ব্যাংক'-এর অনুকূলে জামানত হিসেবে (ফেরতযোগ্য) দরপত্রের সাথে দাখিল করতে হবে। |
| ১৪। | দরপত্র জমা দেয়ার ঠিকানা | ঃ | মুখবন্ধকৃত দরপত্র বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের চতুর্থ তলায় আইসিটি অপারেশন বিভাগে রক্ষিত টেন্ডার বক্স/ঢাকাস্থ বিভাগীয় কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে। |
| ১৫। | দরপত্র আহবানকারীর নাম ও পদবী | ঃ | মোঃ ফরিদ হাসান, উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ১৬। | দরপত্র আহবানকারীর ঠিকানা | ঃ | আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। |

০২। দরপত্র সিডিউল ক্রয় ব্যতীত কোন দরপত্র/দরপত্র সিডিউলের ফটোকপি গ্রহণযোগ্য হবে না এবং ডাকযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৩। জামানত ব্যতীত দরপত্র গৃহীত হবে না। দরপত্র গৃহীত হলে মোট উদ্ধৃত মূল্যের সমপরিমাণ টাকা (প্রযোজ্য সরকারী ভ্যাট ও ট্যাক্সসহ) পে-অর্ডারের মাধ্যমে জমা দিয়ে নির্ধারিত দিনে মালামাল ডেলিভারী নিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত হবে।

০৪। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দফতর হতে দরপত্র সংক্রান্ত তথ্যাদি জানতে পারবেন।

০৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬। যেকোন বিষয়ে কোন প্রকার আপত্তি/জটিলতা দেখা দিলে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তই কার্যকর হবে। আলোচ্য বিজ্ঞপ্তি বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে (https://krishibank.gov.bd) প্রদর্শন করা হবে।

০৭। প্রসঙ্গতঃ পরবর্তীতে মালামালের গুণগত মান/মালামাল সম্পর্কিত আনুষঙ্গিক বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। উল্লেখ্য, বাংলাদেশ কৃষি ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী উক্ত নিলাম ক্রয়কার্যে অংশগ্রহণ করতে পারবে না।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ হাসান)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)